গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২
www.dgme.gov.bd

নং ৫৯.১৪.০০০০.১০৩.৩১.০০১.২৩.৫৫৮ তারিখঃ ২৩/০৩/২০২৩ খ্রি.

**২০২২-২০২৩ খ্রি. শিক্ষাবর্ষে এমবিবিএস কোর্সে বেসরকারি মেডিকেল কলেজে শিক্ষার্থী ভর্তি সংক্রান্ত নির্দেশনা**

- গত ১০/০৩/২০২৩ খ্রি. তারিখে সরকারি ও বেসরকারি সকল মেডিকেল কলেজের জন্য একই সঙ্গে একই প্রশ্নপত্রে এমবিবিএস কোর্সের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। সরকারি মেডিকেল কলেজে ভর্তি প্রক্রিয়া (২য় অপেক্ষমাণ তালিকা পর্যন্ত) সমাপ্ত হওয়ার পর পরবর্তীতে বেসরকারি মেডিকেল কলেজে ভর্তি প্রক্রিয়া শুরুর লক্ষ্যে যথাসময়ে বিজ্ঞপ্তি জারি করা হবে।
- প্রস্তুতকৃত জাতীয় মেধা তালিকার ৩৪,৮৩৫ মেধাক্রম পর্যন্ত শিক্ষার্থীগণ বেসরকারি মেডিকেল কলেজে ভর্তির আবেদন করতে পারবে। ভর্তিচ্ছুদের আবেদন টেলিটক বাংলাদেশ লি. এর মাধ্যমে অনলাইনে গ্রহণ করা হবে। আবেদনপত্র দাখিলের ফি ১০০০/- (এক হাজার টাকা) মাত্র। আবেদন দাখিলের সময় অনলাইন তালিকা হতে সরকার স্বীকৃত সকল বেসরকারি মেডিকেল কলেজের পছন্দক্রম উল্লেখ করতে হবে।
- অনলাইনে আবেদন দাখিলের নির্ধারিত সময়ের পর দ্রুততম সময়ের মধ্যে প্রার্থী মেধাক্রম ও পছন্দক্রম অনুযায়ী কোন্ মেডিকেল কলেজে ভর্তির সুযোগপ্রাপ্ত হবেন তা প্রার্থীকে এসএমএস এর মাধ্যমে জানিয়ে দেয়া হবে এবং নির্বাচিত প্রার্থীদের কলেজ ভিত্তিক তালিকা ওয়েবসাইটে প্রকাশ করা হবে।
- বেসরকারি মেডিকেল কলেজে মেধাবী-অসচ্ছল কোটায় শিক্ষার্থী ভর্তির লক্ষ্যে অনলাইন আবেদনে যাচিত তথ্য প্রদান কতে হবে। যারা এ কোটায় আবেদন করবেন, তারা শুধুমাত্র মেধাবী-অসচ্ছল কোটার আসনসমূহের জন্য বিবেচিত হবেন; সাধারণ কোটায় আবেদন করতে পারবেন না। মেধাবী-অসচ্ছল কোটায় ভর্তিচ্ছুদের অসচ্ছলতার দালিলিক প্রমাণ মিথ্যা বা ভুল প্রমাণিত হলে আবেদনপত্র বাতিল হবে। এখানে উল্লেখ্য যে, বেসরকারি মেডিকেল কলেজে ৫% আসন মেধাবী-অসচ্ছল ছাত্র/ছাত্রীদের জন্য সংরক্ষিত রয়েছে।
- কোনো বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল প্রণীত মেডিকেল কলেজে এমবিবিএস কোর্সে শিক্ষার্থী ভর্তি নীতিমালা-২০২৩ এর কোনো শর্ত ভঙ্গ করলে সংশ্লিষ্ট বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের অনুমোদন বাতিল করা হবে। কোনো প্রতিষ্ঠানেই অনুমোদিত আসনের অতিরিক্ত কিংবা নীতিমালায় বর্ণিত প্রক্রিয়ার বাইরে দেশি/বিদেশি ছাত্র/ছাত্রী ভর্তি করা যাবে না।
- বেসরকারি মেডিকেল কলেজে ভর্তির পূর্বে বা পরে দেশি বা বিদেশি ছাত্র/ছাত্রীর ভর্তি প্রক্রিয়ায় ব্যবহৃত কোনো তথ্য মিথ্যা বা ভুল প্রমাণিত হলে কর্তৃপক্ষ তাৎক্ষণিকভাবে শিক্ষার্থীর ভর্তি বাতিল করাসহ আইন অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করবে।

**ডাঃ মুজতাহিদ মুহাম্মদ হোসেন**
পরিচালক, চিকিৎসা শিক্ষা (ভারপ্রাপ্ত)
স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
ফোনঃ-৪৮৮১১২০০
e-mail:medicaledu313@gmail.com

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১. সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃষ্টি আ:-সচিব মহোদয়ের একান্ত সচিব)
২. উপাচার্য, চট্রগ্রাম/রাজশাহী ও সিলেট মেডিকেল বিশ্ববিদ্যালয়।
৩. মহাপরিচালক,স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা (দৃষ্টি আকর্ষন:- সহকারী পরিচালক, প্রশাসন-১)।
৪. অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ,স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. অতিরিক্ত মহাপরিচালক, প্রশাসন/চিকিৎসা শিক্ষা, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৬. যুগ্ম-সচিব (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর/ডাঃ এসএম সোয়েব আহমেদ চিশতী, সহকারী পরিচালক (অডিট), স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রচারের সার্বিক ব্যবস্থা গ্রহনের অনুরোধ সহ)
৮. ডীন, ফ্যাকাল্টি অব মেডিসিন, (সকল বিশ্ববিদ্যালয়) ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/ শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট।
৯. উপ সচিব (চিকিৎসা শিক্ষা ১/২), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. রেজিষ্ট্রার, বিএমডিসি, ২০৩,শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণী ( পুরাতন ঃ ৮৬, বিজয় নগর), ঢাকা।
১১. সভাপতি/সাধারন সম্পাদক, বাংলাদেশ প্রাইভেট মেডিকেল কলেজ ওনার্স এসোসিয়েশন, ঢাকা।---------------------
১২. অধ্যক্ষ, সকল, বেসরকারি মেডিকেল কলেজ।
১৩. অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
চিকিৎসা শিক্ষা-১ শাখা
www.mefwd.gov.bd

স্মারক নং-৫৯.০০.০০০০.১৪০.৩৩.০২৫.২৩.২০৭

তারিখ: ১৬ চৈত্র ১৪২৯
৩০ মার্চ ২০২৩

**বিষয়: ২০২২-২৩ শিক্ষাবর্ষে এমবিবিএস/বিডিএস কোর্সে সরকারি/বেসরকারি মেডিকেল ও ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিটে ভর্তির জন্য বিদেশি শিক্ষার্থীদের আবেদনের সময়সীমা পুনঃনির্ধারণ**

সূত্র-১: স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের পত্র নং-৫৯.১৪.০০০০.১০৩.৩৩.০০১.২৩.৫৫৭, তারিখ: ২৩/০৩/২০২৩ খ্রি.
২: এ বিভাগের চিকিৎসা শিক্ষা-১ শাখার পত্র নং-৫৯.০০.০০০০.১৪০.৩৩.০২৫.২৩.১৮৯, তারিখ: ২২/০৩/২০২৩ খ্রি.
৩: পররাষ্ট্র মন্ত্রণালয়ের পত্র নং-১৯.০০.০০০০.২২৫.৬১.০০১.২৩/১০০, তারিখ: ০১/০৩/২০২৩ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে ২০২২-২৩ শিক্ষাবর্ষে এমবিবিএস/বিডিএস কোর্সে সরকারি/বেসরকারি মেডিকেল ও ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিটে ভর্তির জন্য বিদেশি শিক্ষার্থীদের আবেদনের সময়সীমা নিম্নরূপভাবে পুনঃনির্ধারণ করা হলো:

| ক্রম | বিষয়/বিবরণ | বিদ্যমান সময়াবদ্ধ পরিকল্পনা | পুনঃনির্ধারিত সময়াবদ্ধ পরিকল্পনা |
|---|---|---|---|
| ০১. | শিক্ষার্থীরা www.dgme.gov.bd প্লাটফর্মে অনলাইনে আবেদন দাখিল করবে। শিক্ষার্থীরা অনলাইন আবেদনের নির্ধারিত টেমপ্লেটে নিজ নিজ দেশের শিক্ষা ও পররাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক এসএসসি/সমমান ও লেভেল/দশম শ্রেণি এবং এইচএসসির সমমান এ লেভেল/দ্বাদশ শ্রেণির সনদপত্র ও নম্বরপত্রের প্রত্যায়িত কপিসহ সংশ্লিষ্ট সকল কাগজপত্র সংযুক্ত করবে। | ২২/০২/২০২৩ থেকে ৩০/০৩/২০২৩ খ্রি. | ১৬/০৪/২০২৩ খ্রি. |
| ০২. | সরকারি কলেজে ভর্তির ক্ষেত্রে স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর প্রাপ্ত আবেদনসমূহের মার্কস সমতাকরণ (Marks Equalization) সহ যাবতীয় কার্যক্রম সম্পন্ন করে মেধাক্রম অনুসারে তালিকা প্রস্তুত করে উক্ত তালিকা স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগে প্রেরণ করবে। এছাড়া উক্ত সময়সীমার মধ্যে বেসরকারি কলেজসমূহের ভর্তির জন্য প্রাপ্ত আবেদনসমূহের মার্কস সমতাকরণ (Marks Equalization) সহ যাবতীয় কার্যক্রম সম্পন্ন করবে। | ৩০/০৪/২০২৩ খ্রি. তারিখের মধ্যে | ১৫/০৫/২০২৩ খ্রি. |
| ০৩. | সরকারি ও বেসরকারি কলেজে ভর্তির ক্ষেত্রে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ সভা অনুষ্ঠানপূর্বক মার্কস সমতাকরণের (Marks Equalization) ভিত্তিতে বিদেশি শিক্ষার্থী নির্বাচন ও কলেজ বরাদ্দ সম্পন্ন করে একটি তালিকা স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরে প্রেরণ করবে। স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর উক্ত তালিকার ভিত্তিতে সরকারি আদেশ জারি করে পররাষ্ট্র মন্ত্রণালয় ও স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগে প্রেরণ করবে। বেসরকারি কলেজে ভর্তির ক্ষেত্রে স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর যোগ্য প্রার্থীদের কলেজ ও দেশ ভিত্তিক তালিকা অধিদপ্তরের ওয়েবসাইটে (www.dgme.gov.bd) প্রকাশ করবে। | ১৪/০৫/২০২৩ খ্রি. তারিখের মধ্যে | ৩০/০৫/২০২৩ খ্রি. |
| ০৪. | পররাষ্ট্র মন্ত্রণালয় মনোনীত শিক্ষার্থীদের তালিকা/অফিস আদেশ সংশ্লিষ্ট দূতাবাসে প্রেরণ করবে। দূতাবাসসমূহ মনোনীত বিদেশি শিক্ষার্থীদের ভিসা ইস্যুসহ সকল ধরণের সহযোগিতা করবে। | ১৫/০৬/২০২৩ খ্রি. | ২২/০৬/২০২৩ খ্রি. |
| ০৫. | সরকারি ও বেসরকারি মেডিকেল/ডেন্টাল কলেজ ও ডেন্টাল ইউনিটসমূহ বিদেশি শিক্ষার্থীদের ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করার শেষ তারিখ। | ২৭/০৬/২০২৩ খ্রি. | ২৭/০৬/২০২৩ খ্রি. |

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

০২। এমতাবস্থায়, পুনঃনির্ধারিত সময়সীমা অনুযায়ী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৩০/০৩/২৩

(মোহাম্মদ রুহুল কুদ্দুস)
উপসচিব
ফোন নং-৫৫১০০৭৩০
e-mail: me1@mefwd.gov.bd

বিতরণ:

০১. পররাষ্ট্র সচিব (সিনিয়র সচিব), পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা [দৃ.আ: পরিচালক (আন্তর্জাতিক সংস্থাসমূহ)]

০২. মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা [দৃ: আ: পরিচালক (চিকিৎসা শিক্ষা)]

স্মারক নং-৫৯.০০.০০০০.১৪০.৩৩.০২৫.২৩.২০৭

তারিখ: ১৬ চৈত্র ১৪২৯ / ৩০ মার্চ ২০২৩

অনুলিপি সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. যুগ্ম-সচিব (চিকিৎসা শিক্ষা অনুবিভাগ) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ

০২. যুগ্ম-সচিব (চিকিৎসা শিক্ষা অধিশাখা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ

৩০/০৩/২৩

(মোহাম্মদ রুহুল কুদ্দুস)
উপসচিব